

জীবিকা প্রকল্পের সফল সমাপ্তি

গত এক যুগের বেশি সময় ধরে সিজিডএম যাকাত তহবিলের কার্যকর ব্যবহারের মাধ্যমে দারিদ্র্য দূর করতে জীবিকা উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এ লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় জীবিকা উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে ৫৭ টি জীবিকা উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয় যার মধ্য ২৮ টি প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে। সম্প্রতি মানিকগঞ্জ সদর উপজেলা, কিশোরগঞ্জের ইটনা, মিঠামইন, অষ্টগ্রাম উপজেলা এবং কুমিল্লার জীবিকা প্রকল্পের মেয়াদ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পগুলোর সফল বাস্তবায়নের ফলে প্রকল্পের সুবিধাভোগীদের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। এর মধ্যে ৬৭টি পরিবারে উপার্জনক্ষম কোনো সদস্য ছিল না। তাদেরকে নিয়মিতভাবে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। প্রকল্পে ২৭ টি নতুন বাড়ি নির্মাণ করে গৃহহীন পরিবারের কাছে তা হস্তান্তর করা হয়েছে। ৩৫ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৪-৬ বছর বয়সী (৯৯৭ জন) শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়েছে। সদস্যরা প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ার পরে প্রতিটি পরিবার ৩০ থেকে ৪০ হাজার টাকা নগদ হাতে পেয়েছে। তাদের আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড পরিচালনার দক্ষতা, বেশী আয়ের সুযোগ এবং আত্মবিশ্বাস বেড়েছে; যার ফলস্বরূপ সঞ্চয় ও মূলধন সংগ্রহসহ তাদের গড় আয় বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের প্রায় ২৪ জন ভিক্ষুক ভিক্ষাবৃত্তি ছেড়েছে এবং উপার্জনমূলক কর্মকাণ্ডে জড়িত হয়েছে। বেশিরভাগ পরিবার সুদভিত্তিক ঋণ থেকে বেরিয়ে এসেছে। প্রকল্পের সবার নিরাপদ পানি এবং স্বাস্থ্যকর ল্যাটিনের ব্যবস্থা করা হয়েছে।



সিজিডএমের চতুর্দশ বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত



১৬ মার্চ ২০২২ সালে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজিডএম) এর চতুর্দশ বার্ষিক সাধারণ সভা ঢাকার গুলশানস্থ শাইনপুকুর হোটেলে এ অনুষ্ঠিত হয়। সিজিডএম গভর্নিং বোর্ডের চেয়ারম্যান নিয়াজ রহিমের সভাপতিত্বে এ সভায় অন্যান্যের মধ্যে বিচারপতি মুহাম্মদ আবদুর রউফ, লেঃ জেনারেল (অবঃ) এম নূরউদ্দিন খান, আবদুল মুয়ীদ চৌধুরী, আফরোজ রহিম, সালাহউদ্দিন কাসেম খান, একেএম নুরুল ফজল বুলবুল এবং অন্যান্য সাধারণ সদস্যরা উপস্থিত ছিলেন। গভর্নিং বোর্ডের সাধারণ সম্পাদক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ আইয়ুব মিয়া বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন করেন। অপরদিকে, সিজিডএম-এর কোষাধ্যক্ষ আরাস্তু খান ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষিত ব্যালান্স শিট এবং হিসাব বিবরণী উপস্থাপন করেন।

সভায় গভর্নিং বোর্ড পুনর্গঠন করা হয় এবং জনাব নিয়াজ রহিম চেয়ারম্যান হিসেবে পুনঃনির্বাচিত হন। এছাড়াও দেশের ১০ জন বিশিষ্ট ব্যক্তিকে বোর্ডের সদস্য নির্বাচন করা হয়। তাঁরা হচ্ছেন: সাকিফ আরিফ তাবানী (ভাইস চেয়ারম্যান), এএমএম নাসির উদ্দিন (নির্বাহী কর্মিটির আহ্বায়ক), ড. মোহাম্মদ আইয়ুব মিয়া (জেনারেল সেক্রেটারী), আরাস্তু খান (ট্রেজারার), ড. মুহাম্মদ আবদুল মজিদ (আহ্বায়ক যাকাত বিতরণ কর্মিটি), ড. শেখ আবদুর রশিদ (আহ্বায়ক, অডিট কর্মিটি), প্রফেসর মুজাহিদুল ইসলাম (শরীয়াহ বোর্ড প্রতিনিধি), মুজিবুর রহমান (আহ্বায়ক, ক্রয় কর্মিটি), জিনাত ইসলাম ও মুনওয়ার মিসবাহ মইন। পুনর্গঠিত এ বোর্ড ২০২২ এবং ২০২৩ সালের জন্য দায়িত্বপালন করবে।

সিজেডএম-এর আয়োজনে ১০ম যাকাত ফেয়ার ২০২২ অনুষ্ঠিত



Making a Difference with Zakat - এ প্রতিপাদ্যকে সামনে রেখে ১০ম বারের মতো এ বছরের 'যাকাত ফেয়ার' অনুষ্ঠিত হয়। দু' দিনব্যাপী অনুষ্ঠিত এ ফেয়ারের উদ্বোধন করেন সাবেক মন্ত্রী ও সাবেক সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল (অবঃ) নুরউদ্দিন খান। তিনি বলেন, যাকাত বাংলাদেশের একটি সম্ভাবনাময় খাত, এটি ধনী ও দরিদ্রের মধ্যে সম্প্রীতি প্রতিষ্ঠার একটি মাধ্যম। তিনি বলেন, সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট বধিগত মানুষের কল্যাণে ব্যাপক পরিসরে কাজ করছে। দেশে এ ধরনের প্রতিষ্ঠান আরও গড়ে তোলা প্রয়োজন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিজেডএম-এর চেয়ারম্যান নিয়াজ রহিম। অনুষ্ঠানে 'ইসটিটিউশনাল ম্যানেজমেন্ট অব যাকাত' বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিজেডএম এর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ আইয়ুব মিয়া। এছাড়াও "এসডিজি অর্জনে ইসলামিক সোশ্যাল ফাইন্যান্স এর ভূমিকা" শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রবন্ধ উপস্থাপন করেন সাবেক সচিব ড. মুহাম্মদ আবদুল মজিদ এবং 'বাংলাদেশের যাকাতের সম্ভাবনা' শীর্ষক সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামী অর্থনীতির অন্যতম গবেষক ও যুক্তরাষ্ট্রের নিউ অরলিন্স বিশ্ববিদ্যালয়ের গবেষক ড. কবির হাসান। সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ, ড. হোসেন জিল্লুর রহমান, চেয়ারম্যান, পিপিআরসি ও ব্র্যাক, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা জনাব আবদুল মুয়ীদ চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহ উদ্দিন আহমেদসহ দেশ বিদেশের খ্যাতিমান বিশেষজ্ঞগণ উক্ত যাকাত ফেয়ারে বিভিন্ন অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

লবণাক্ত পানির দুর্ভোগ দূর করতে পানির ট্যাংক বিতরণ



উপকূলীয় অঞ্চলের পানি লবণাক্ত থাকায় সুন্দরবন সংলগ্ন এলাকায় বিশুদ্ধ পানীয় জলের সন্ধান পাওয়া খুবই কঠিন কাজ। দুর্ভোগ লাঘব করার জন্য সিজেডএম জীবিকা শ্যামনগর প্রকল্পের আওতায় সাতক্ষীরার শ্যামনগর উপজেলার নূরনগর, কৈখালী ও রমজাননগর ইউনিয়নের ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে ৫০০ লিটার ধারণক্ষমতার মোট ৩০৭ টি পানির কনটেনার বিতরণ করেছে। এখন তারা ঐসব কনটেনার বৃষ্টির পানি জমা করে দীর্ঘদিন পান করতে পারে। তাদের নিরাপদ পানির সংকট লাঘব হয়েছে। উল্লেখ্য এর আগে সিজেডএম সাতক্ষীরা জেলার সুন্দরবন ও শ্যামনগর উপজেলার ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে একই রকমের ৭৭০ টি পানির কনটেনার বিতরণ করেছিল।

নতুন করে হাটতে শিখল ২৩ বছরের সোনিয়া



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ব-বিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মেধাবী ছাত্রী সোনিয়া। দুরারোগ্য রোগে তার দুটি পা আক্রান্ত হয়ে স্বাভাবিক হাটা ও চলাফেরা প্রায় অসম্ভব হয়ে পড়ে। ডাক্তার তাকে দ্রুত অপারেশন করে কৃত্রিম হিপ জয়েন্ট লাগাতে পরামর্শ দেয় এবং সময়মত চিকিৎসা করতে না পারলে সে স্থায়ীভাবে পঙ্গু হয়ে পড়বে। কিন্তু সোনিয়ার পরিবারের পক্ষে এ চিকিৎসা ব্যয় বহন করা ছিল অসম্ভব। এমতবস্থায় সোনিয়া সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-কে জানায়। সিজেডএম সোনিয়ার বিষয়টিকে গুরুত্বের সাথে নেয়। অবশেষে সিজেডএম সোনিয়ার সম্পূর্ণ চিকিৎসার দায়িত্ব গ্রহণ করে এবং তার অপারেশনের সম্পূর্ণ আর্থিক সহায়তা প্রদান করে। এখন সোনিয়া আবার আগেরমত হাঁটতে পারার আনন্দে বিগলিত প্রায়।

রচনা প্রতিযোগিতায় মিন্টু মিয়ার প্রথম স্থান অধিকার



দশম যাকাত ফেয়ার ২০২২ উপলক্ষে সিজিডএম “আর্থসামাজিক বৈষম্য দূরীকরণে যাকাত” শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করে। প্রতিযোগিতায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের মিন্টু মিয়া প্রথম স্থান অধিকার করেন। উল্লেখ্য যে, প্রতিযোগিতায় দেশের ৩০ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৩৭ জন প্রতিযোগী এতে অংশ নেয়। প্রতিযোগিতার উদ্দেশ্য ছিল তরুণ শিক্ষার্থীদের সচেতনতা ও জ্ঞান বৃদ্ধি এবং মানব সমাজে আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণে যাকাত কিভাবে ভূমিকা রাখতে পারে সে সম্পর্কে শিক্ষার্থীদের অধিকতর জানতে উৎসাহিত করা।

বিচারকমণ্ডলী কর্তৃক পাঁচটি প্রবন্ধ পুরস্কারের জন্য নির্বাচিত হয়ে। প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী পেয়েছে নগদ ১৫,০০০ টাকা পুরস্কার। প্রথম এবং দ্বিতীয় রানার-আপ ২জন পেয়েছেন যথাক্রমে ১২,৫০০ টাকা করে ও তৃতীয় স্থান অধিকারী ১০,০০০ টাকা। সম্প্রতি সিজিডএম বিজয়ীদের জন্য একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিজিডএম-এর গভার্ণিং বোর্ডের সদস্য জিনাত ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইফফাত আরা নাগিস এবং সভাপতিত্ব করেন ড. মোহাম্মদ আইয়ুব মিয়া।

সিলেটে বন্যা দূর্গতদের মাঝে সিজিডএম-এর ত্রাণ বিতরণ

অতি সম্প্রতি ভয়াবহ বন্যায় সিলেট ও সুনামগঞ্জ জেলার লক্ষ লক্ষ মানুষ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেকেই তাদের বাড়িঘর, ফসল, গবাদি পশু ও সহায়-সম্পত্তি হারিয়েছে। অনেকে মারা গেছেন। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সিলেটের বন্যা কবলিত ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে ত্রাণ বিতরণ করেছে। প্রথম পর্যায়ে খাদিমনগর এলাকায় তিনটি গ্রামের পাঁচশটি পরিবারের মাঝে এ ত্রাণ বিতরণ করা হয়। পরবর্তীতে সেনাবাহিনীর সহায়তায় আরো এক হাজার পরিবারের প্রতিটিতে প্রায় ২০০০ টাকার ত্রানসামগ্রী বিতরণ করা হয়। সিজিডএম ঐ এলাকায় বন্যা পরবর্তী পুনর্বাসন কার্যক্রমও বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করছে।



আরও তিনটি নতুন জীবিকা প্রকল্প

সিজিডএম দারিদ্র-পীড়িত মানুষের দারিদ্র বিমোচন ও স্বাবলম্বী করার লক্ষ্যে আরও তিনটি নতুন জীবিকা প্রকল্প গ্রহণ করেছে। নতুন প্রকল্প তিনটি যথাক্রমে মানিকগঞ্জ সদর, মুন্সিগঞ্জের বিক্রমপুর এবং চট্টগ্রামের ফটিকছড়িতে অবস্থিত। প্রকল্প তিনটি থেকে ১৫০০ টি পরিবার সিজিডএম-এর সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় সেবা গ্রহণ করবে। এ পরিবারগুলো তাদের আর্থসামাজিক অবস্থার উন্নতির জন্য একসঙ্গে আয়বর্ধক কর্মকাণ্ডে নিজেদের নিয়োজিত করবে ও বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে তাদের দক্ষতা বাড়াবে। সিজিডএম ইতোমধ্যেই এ পরিবারগুলোকে বিভিন্ন আয়-বৃদ্ধিমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করেছে এবং তাদের ব্যবসার উন্নতিতে সাহায্য করার জন্য পরামর্শসহ অন্যান্য সহায়তা প্রদান করবে। তাছাড়া তাদের জন্য নিরাপদ পানি, স্যানিটেশন, শিক্ষা ও স্বাস্থ্যসেবা সহায়তা দেওয়া হবে।

সিজেডএম-এর সহায়তায় ৭৮৮ জন বেকার যুবক ইলেকট্রিক্যাল ট্রেডে প্রশিক্ষণ পেল



পরিবারের আর্থিক সংকট থাকায় ঠিক মতো লেখাপড়া শেষ করতে পারেনি আবিদ হাছান। সিজেডএম-এর আর্থিক সহযোগিতায় ফরিদপুর মুসলিম মিশনে ইলেকট্রিক্যাল ওয়াকর্স ট্রেডে সফলতার সাথে প্রশিক্ষণ নিয়ে বর্তমানে একটি বেসরকারী প্রতিষ্ঠানে ইলেকট্রিশিয়ান পদে কর্মরত আছে। কারিগরি প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে তার পরিবারের আর্থিক স্বচ্ছলতা ফিরে এসেছে। সিজেডএম তার 'নৈপুণ্য বিকাশ' কর্মসূচির আওতায় এরূপ ৭৮৮ জন বেকার দরিদ্র যুবককে ইলেকট্রিক্যাল ট্রেডে প্রশিক্ষণ প্রদান করেছে। উপযুক্ত কর্মসংস্থানের জন্য দক্ষ সম্পদ হিসেবে গড়ে তুলতে সিজেডএম এ প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। প্রশিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণ-ফিসহ অন্যান্য প্রশিক্ষণ ব্যয় যেমন ল্যাবরেটরি ফি, আবাসিক ব্যবস্থা, খাবার, মাসিক উপবৃত্তিসহ বৃত্তিমূলক এ প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে।

রাকিব এখন স্বাভাবিক জীবন যাপন করতে পারে



হৃদপিণ্ডে ছিদ্র নিয়ে জন্ম নিয়েছিল রাকিবুল। হৃদপিণ্ডে ছিদ্র থাকার কারণে সে ঠান্ডা লাগাসহ নানাবিধ সমস্যায় আক্রান্ত ছিল। রাকিবুল খেলাধুলা করতে পারত না; এমনকি মাদরাসায় পড়ালেখা করতেও সমস্যা হচ্ছিল। রাকিবুলের বাবা সাধারণ একজন কৃষক যার পক্ষে সন্তানের হাটের অপারেশন করা অসম্ভব ছিল। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-এর সহযোগিতায় ২ লক্ষের অধিক টাকা ব্যয়ে রাকিবের হাটের অপারেশন করা হয়। বর্তমানে সে স্বাভাবিক জীবন যাপন করছে। এভাবে রাকিবুলের মতো আরো ৩০টি শিশুর জন্মগত হাটের ত্রুটি দূর করে সুস্থজীবনে প্রত্যাবর্তন ও ভবিষ্যতের উজ্জল জীবনের পথ মসূন করার ব্যবস্থা করেছে সিজেডএম।

শ্রবণ প্রতিবন্ধীদের মাঝে শ্রবণ যন্ত্র বিতরণ



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-এর আর্থিক সহযোগিতায় সম্প্রতি খুলনার ডুমুরিয়া উপজেলায় ১৭ জন বাক ও শ্রবণ প্রতিবন্ধীর কানে ৩০ টি শ্রবণ যন্ত্র স্থাপন করা হয়েছে। সংস্থাটি ইতোমধ্যে এ প্রকল্পের আওতায় দেশের আরো ৮৩ জন বাক ও শ্রবণ প্রতিবন্ধীর মাঝে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করার পর কানে শোনার যন্ত্র ও প্রয়োজনীয় গুণধন্য যন্ত্র বিতরণ করেছে। এসব সুবিধা গ্রহণের ফলে মানুষ আবার সুন্দরভাবে কানে শুনতে পাচ্ছে এবং স্বাভাবিক জীবন-যাপন করতে পারছে।



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

📍 বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।

☎ +৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬

✉ info@czm-bd.org 🌐 fb.com/czm.org 🌐 www.czm-bd.org

Successful completion of livelihood project

For more than a decade, CZM has been implementing various programs including livelihood development projects to alleviate poverty through effective utilization of zakat funds. As many as 57 nos. livelihood development projects were undertaken through livelihood development centers in different parts of the country, out of which 28 nos. projects were successfully completed. Recently, some livelihood projects have been completed in different areas of the country including Manikganj Sadar, Itna, Mithamin, Ashtagram under Kishoregonj district and Cumilla. The standard of living of the project beneficiaries has been improved. 67 nos. families had no earning members. As such they have been given regular food aid. The projects has constructed 27 nos. new houses and handed them over to homeless families. As many as 35 nos. pre-schooling centers were operated for the children aged 4-6 years (997 children). Each of the family received Rs 30,000 to Rs 40,000 in cash after the completion of the project. Their ability to manage income-generating activities, increased income opportunities have been increased; As a result, their average income, including savings and capital has also been increased. About 24 nos. beggars of the project have given up begging and were involved in earning money. Most families have come out of interest-bearing loans. Everyone in the project has access to safe water and sanitary latrines.



The fourteenth Annual General Meeting (AGM) of CZM was held



The 14th Annual General Meeting of the Center for Zakat Management (CZM) was held on 16 March 2022 at a local hotel in Gulshan, Dhaka. The meeting was chaired by the Governing Board Chairman Niaz Rahim. Among others Justice Muhammad Abdur Rauf, Lt Gen (retd) M Nuruddin Khan, Abdul Mueyed Chowdhury, Afroz Rahim, Salahuddin Qasim Khan, AKM Nurul Fazal Bulbul attended the meeting. General Secretary and Chief Executive Officer Dr. Mohammad Ayub Mia presented the report on the annual activities during 2020-21. While CZM Treasurer Arastoo Khan presented the audited balance sheet and statement of accounts for the financial year 2020-2021.

Niaz Rahim has been re-elected as Chairman of the Governing Board. The AGM has also elected ten members of the Board. They are: Sakif Arif Tabani (Vice Chairman), AMM Nasir Uddin (Convener of the Executive Committee), Dr. Mohammad Ayub Miah (General Secretary), Arastoo Khan (Treasurer), Dr. Abdul Majid (Convener of the Zakat Distribution Committee), Dr. Sheikh Abdur Rashid (Convener, Audit Committee), Prof. M. Mujahidul Islam (Shariah Board Representative), Muhammad Mujibur Rahman (Convener, Procurement Committee), Ms. Zeenat Islam and Monwar Misbah Moin. The reconstituted board will hold their office for 2022 and 2023.

The 10th Zakat Fair 2022 was organized by CZM



The 10th Zakat Fair 2022 was organized by CZM on 24-25 April 2022. The two-day fair was inaugurated by former minister and former Army Chief Lieutenant General (Rtd.) Nuruddin Khan. He said that zakat should be considered as a highly promising sector in Bangladesh. Zakat would establish harmony between the rich and the poor of the society, he added. He said that the Center for Zakat Management has been working extensively for welfare of disadvantaged people. We need to establish more such institutions in the country. CZM Chairman Niaz Rahim presided over the function. CZM's Chief Executive Officer Dr. Mohammad Ayub Miah presented the keynote paper on 'Institutional Management of Zakat'. The former secretary Mohammad Abdul Majid also presented an article at a roundtable discussion titled "The Role of Islamic Social Finance in Achieving SDGs". Another seminar titled "Exploring Potentials of Zakat in Bangladesh" has been organized where key note presentation was made by Dr. Kabir Hasan, Professor, University of New Orleans, United States. Former Chief Election Commissioner (CEC) Justice Mohammad Abdur Rauf, Dr. Hossain Zillur Rahman, Chairman, PPRC and BRAC, Abdul Muyeed Chowdhury former advisor to the caretaker government, Saleh Uddin Ahmed, former Governor of Bangladesh Bank and experts from home and abroad spoke at various events at the Zakat Fair.

Distribution of water containers to address the sufferings of saline water



It is very difficult to find pure drinking water in the area adjacent to the Sundarbans as the coastal waters are full of salinity. In order to address the sufferings, CZM has distributed a total nos. of 307 water containers with the capacity of 500 liters each to the vulnerable families of Nurnagar, Kaikhalı and Ramjannagar Unions of Shyamnagar Upazila of Satkhira District. Now, they can store rainwater in those containers and drink it for a long time. As such, they have been relieved of the safe water crisis. Earlier, CZM had distributed 770 nos. similar water containers to vulnerable families in Sundarbans and Shyamnagar upazilas of Satkhira District.

23-year-old Sonia learns to walk anew



Sonia is a meritorious student of Computer Science and Engineering Department of Pabna University of Science and Technology. Due to a critical disease, her two legs were affected and she could not walk normally. The doctor advised her to have a quick surgery and joint an artificial hip. Doctors opined that if she could not get treatment in time, she would become permanently paralyzed. However, it was impossible for Sonia's family to bear the huge medical expenses. In this situation, Sonia asked Center for Zakat Management for supporting her treatment. Eventually, CZM took full responsibility for Sonia's treatment and provided full financial support for her operation. Sonia has been fully cured, Now, Sonia is overwhelmed as she has been able to walk again.

Mintu Mia won first place in the essay competition



On the occasion of the 10th Zakat Fair 2022, CZM organized an essay competition titled "Zakat on Elimination of Socio-Economic Inequality". Mintu Mia of Social Work Department of Rajshahi University stood the first position in the competition. It is to be noted that 137 nos. contestants from 30 public universities of the country took part in the competition. The aim of the competition was to increase awareness and knowledge of Zakat among the young students and to encourage them to learn more about how zakat can play a role in eliminating socio-economic inequality from the society. Five essays were selected for the award. The first-place winner in the competition got a cash prize of BDT. 15,000. The first and second runners-up received BDT 12,500 and BDT 10,000 respectively. CZM recently hosted an awards ceremony for the winners. CZM's Governing Board member Ms. Zeenat Islam was present as the chief guest on the occasion. Professor Iffat Ara Nargis former DG, NAEM was present as special guest and Dr. Mohammad Ayub Miah presided over the ceremony.

CZM distributes relief to flood victims in Sylhet

Millions of people in Sylhet and Sunamganj districts have been severely affected by the recent devastating floods. Many have lost their homes, crops, livestock and property and many have died. Center for Zakat Management has distributed relief goods to flood-affected families in Sylhet. In the first phase, the relief was distributed among 500 the families in three villages in Khadimnagar area. Later, with the help of the Bangladesh Army relief materials worth about BDT 2000 were distributed to each of the 1000 nos. more families. CZM is also planning to implement post-flood rehabilitation activities in the area.



Three more new livelihood projects

CZM has undertaken three more new livelihood projects (Jeebika) aimed to alleviating poverty and self-reliance of the poverty-stricken people. The three new projects are located at Manikganj Sadar, Bikrampur in Munshiganj District and Fatikchhari in Chittagong District respectively. As many as 1500 nos. more families will be benefited under these three integrated poverty alleviation projects. These families will engage themselves in income generating activities for the betterment of their socioeconomic status and will also increase their skills in receiving various skill development trainings. CZM has already provided training to these families in various income-generating trades and will provide other assistance, including advice to help them grow their businesses. In addition, they will be provided with safe water, sanitation, education and health care facilities.

With the help of CZM, 788 unemployed youths got training in electrical trade



Abid Hasan could not finish his secondary education due to financial crisis of his family. With the financial support of CZM, he has been successfully completed training in electrical trade at Faridpur Muslim Mission and now working as an electrician in a private company. Financial well-being of his family has been restored through technical training. CZM has provided training to more than 788 nos. unemployed youth in electrical trade so far under its vocational training program called 'Naipunnoy Bikash'. CZM has been facilitating training to build them as a skilled resource for suitable employment. The trainees have been providing training fees, and other training expenses including laboratory fees, accommodation, food, monthly stipend etc.

Rakib back to normal life



Rakibul was born with a small hole in his heart. Due to his diseases, he was suffering from various problems. Rakibul could not play games. Even studying in a madrasa was a serious problem. Rakibul's father was a simple farmer who could not afford to his child's heart operation. Center for Zakat Management took the responsibility to make his heart surgery with the cost of over BDT 2.00 lakh. He is currently living a normal life. In this way, CZM has made arrangements to remove the congenital heart defects of 30 nos. more children like Rakibul and return to a healthy life and pave the way for a brighter future.

Distribution of hearing aids among the hearing impaired



With the financial support of the Center for Zakat Management 30 hearing aids have recently been installed in the ears of 17 speech and hearing impaired people at Dumuria Upazila of Khulna. In addition, after completing the necessary tests CZM has distributed hearing aids and necessary medicines to another 83 nos. hearing impaired people in the country. Now, people can hear beautifully again and lead a normal life.



Center for Zakat Management (CZM)

📍 House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

☎ +880 2 222298255, 01729 296 296

✉ info@czm-bd.org

📘 fb.com/czm.org

🌐 www.czm-bd.org